
আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# উত্তরা ইউনিভার্সিটিতে এক্সপ্লোরিং ক্যারিয়ারস ইন একাউন্টিং সেমিনার অনুষ্ঠিত

৩ এপ্রিল, ২০২৪ ১০:৪৩

অনলাইন ডেস্ক




উত্তরা ইউনিভার্সিটিতে ১ এপ্রিল স্কুল অফ বিজনেস এর উদ্যোগে "এক্সপ্লোরিং ক্যারিয়ারস ইন একাউন্টিং" সেমিনারের আয়োজন করা হয়েছে।

সেমিনারে স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন সৈয়দ আহমেদ, চার্টার্ড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট, টরন্টো, কানাডা। সকাল ১০টায় উত্তরা ইউনিভার্সিটি কনফারেন্স রুমে সেমিনারটি অনুষ্ঠিত হয়ে দুপুর ১২ টা পর্যন্ত চলে।

সেমিনারটিতে আলোচনা ও নেটওয়ার্কিং সেশনের মাধ্যমে ছাত্রদের অ্যাকাউন্টিং পেশা এবং কীভাবে কর্মজীবন শুরু করার জন্য দক্ষতা অর্জন করতে হয়, অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক বাজারে নিজেদের অবস্থান তৈরি করার ক্ষেত্রে কিভাবে পদক্ষেপ নিতে হবে সে সম্পর্কে গুরুত্ব দেয়া হয়।

সেমিনারে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী, স্কুল অফ বিজনেস এর ডিন প্রফেসর ড. এএসএম শাহাবুদ্দিন, ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান কাজী তারেক উল্লাহ সহ অন্যান্যরা।

বিডি-প্রতিদিন/সালাহ উদ্দীন